

এখনও নিশ্চিত নন?

111 এ কল করুন বা
111.nhs.uk এ যান

24/7 উপলব্ধ থাকে এবং কোন পরিষেবা বা চিকিৎসা আপনাকে সবচেয়ে ভালোভাবে সাহায্য করতে পারে সে সম্পর্কে পরামর্শ লাভ করবেন।

মানসিক স্বাস্থ্য

আপনার যদি জরুরী মানসিক চিকিৎসার দরকার হয় তাহলে এখানে যান:

www.sheffieldmentalhealth.co.uk/urgent-help/ সঠিক পরিষেবার পরামর্শের জন্য।

PEARS (প্রাইমারি আই কেয়ার অ্যাকিউট রেফারেল সার্ভিস)

অপটোমেট্রিস্টদের দ্বারা পরিচালিত PEARs, কমিউনিটিতে চোখের জরুরী পরিচর্যা প্রদান করে।

PEARs স্কিমের অধীনে সাধারণত যে সমস্যাগুলি দেখা হয় সেগুলির মধ্যে রয়েছে:

- শুষ্ক চোখ
- চোখে কোনো বস্তু ঢুকে থাকা মনে হলে
- ফ্ল্যাশেস এবং ফ্লোটারস
- চোখের সংক্রমণ যেমন কনজাঙ্কটিভিটিস

শেফিল্ডে জিপি থাকা রোগীরা (4 বছর +) তাদের বেছে নেওয়া PEARs প্র্যাকটিসে কল করে PEARs অ্যাক্সেস করতে পারেন। আপনার স্থানীয় প্র্যাকটিস খুঁজে পেতে sloc.org.uk এ যান।

জরুরী দন্তচিকিৎসা

আপনার যদি জরুরী দন্তচিকিৎসার প্রয়োজন হয় এবং আপনার স্বাভাবিক দাঁতের ডাক্তার উপলব্ধ থাকেন, তাহলে প্রথমে তাদের সাথে যোগাযোগ করুন। যদি আপনার ডেন্টিস্ট উপলব্ধ না থাকে, বা আপনি কোনো ডেন্টিস্টের কাছে নিবন্ধিত না হয়ে থাকেন, তাহলে NHS 111 এ কল করুন যিনি আপনার জন্য একটি জরুরি অ্যাপয়েন্টমেন্ট সেট আপ করবেন।

আমার কি অ্যাপয়েন্টমেন্টের প্রয়োজন হবে?

- | | |
|--|--|
| <input checked="" type="checkbox"/> স্ব-পরিচর্যা | <input checked="" type="checkbox"/> জিপি হাব |
| <input checked="" type="checkbox"/> ফার্মেসি | <input checked="" type="checkbox"/> ওয়াক-ইন সেন্টার |
| <input checked="" type="checkbox"/> জিপি | <input checked="" type="checkbox"/> ছোটখাট আঘাত |

যোগাযোগ করুন

ওয়াক-ইন সেন্টার: Broad Lane, S1 3PB

ছোটখাটো আঘাতের ইউনিট: B Floor,
Royal Hallamshire Hospital, S10 2JF

জিপি ও জিপি হাব: আপনার জিপির প্রচলিত নম্বরে কল করুন অথবা পরিষেবা সময়ের পর 111 এ কল করুন

যখন অন্য কোনো উপায় না থাকে...

A+E (16+)

Northern General
Hospital,
Herries Rd,
S5 7AU


শিশুদের A+E

Sheffield
Children's
Hospital, Western
Bank, S10 2TH

এই তথ্যটি অন্য কোনো ভাষায় দরকার?

sheccg.comms@nhs.net এ যোগাযোগ করুন

অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত হওয়ার সময় বা ফার্মেসিতে যাওয়ার সময় মুখ ঢেকে রাখার জন্য কিছু পড়ে থাকতে এবং সামাজিক দূরত্ব বজায় রাখার নিয়মগুলি মেনে চলার কথা মনে রাখবেন।



NHS

Sheffield

Clinical Commissioning Group

স্ব-পরিচর্যা

অনেক অসুখ বা উপসর্গ বাড়িতে বিশ্রাম করে এবং ভালোভাবে মজুত করে রাখা ওষুধের ক্যাবিনেট দিয়ে চিকিৎসা করা যেতে পারে যেগুলির মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- সর্দিকাশি
- গলাব্যথা
- পেট খারাপ
- ব্যথা ও যন্ত্রণা।



খোলা থাকার সময়: সবসময়

জিপি

আপনার জিপির সাথে অ্যাপয়েন্টমেন্ট করার আগে সহায়ক হতে পারে এমন অন্যান্য পরিষেবাগুলির কথা বিবেচনা করুন।

আপনার যদি এমন কোনো অসুখ হয়ে থাকে বা আঘাত পেয়ে থাকেন যা কমছে না, তাহলে একজন জিপি সাহায্য করতে পারেন, যেমন ধরুন:

- বমি করা
- কান ব্যথা
- পিঠব্যথা



খোলা থাকার সময়: স্থানীয় জিপি পরিষেবার সময় সম্পর্কে জানতে আমাদের ওয়েবসাইটে যান

অনুগ্রহ করে মনে রাখবেন যে যদি আপনার জিপি বা নার্সকে দেখানোর প্রয়োজন হয় তাহলে Covid-19 এর বিস্তার কমাতে আপনাকে টেলিফোন বা ভিডিও অ্যাপয়েন্টমেন্টের প্রস্তাব দেওয়া হতে পারে।

ওয়াক-ইন সেন্টার

চলে আসুন এবং অপেক্ষা করুন, রেজিস্টার করার দরকার নেই এবং ছোটখাটো অসুস্থতার জন্য আপনি একজন নার্স প্রাকটিশনারকে দেখাতে পারেন:

- মারাত্মক গলা ব্যথা
- ফুসকুড়ি
- সংক্রমণ
- দীর্ঘদিনের রোগের হঠাৎ অবনতি হওয়া।



খোলা থাকার সময়: 8am-10pm বছরের 365 দিন

ফার্মেসি

ফার্মাসিস্টরা হলেন প্রশিক্ষিত চিকিৎসক পেশাদার যারা সাধারণ অসুখ এবং ছোটখাটো রোগের বিষয়ে পরামর্শ দেওয়ার যোগ্য যেমন ধরুন:

- সর্দি ও জ্বর
- জল বসন্ত
- পেট খারাপ
- পোকাকামড় এবং হল ফোটাঁন।



খোলা থাকার সময়: খোলা থাকার সময় সম্পর্কে জানতে আমাদের ওয়েবসাইটে যান

জিপি হাব

জিপি সার্জারির স্বাভাবিক পরিষেবা সময়ের পর খোলা থাকে, হাব অ্যাপয়েন্টমেন্ট রুটিন বা জরুরী পরিচর্যার ক্ষেত্রে উপলব্ধ।

আপনার স্বাভাবিক জিপি প্র্যাকটিশনারের মাধ্যমে বা আপনার জিপি প্র্যাকটিস বন্ধ থাকলে III এ যোগাযোগ করে এই পরিষেবাগুলির জন্য অ্যাপয়েন্টমেন্ট বুক করতে পারেন।

খোলা থাকার সময়: বছরের 365 দিন সন্ধ্যা এবং সপ্তাহান্তে



ছোটখাটো আঘাতের ইউনিট

প্রাপ্তবয়স্কদের (16 বছরের বেশি) প্রাণঘাতী নয় এমন আঘাত বা অসুস্থতার জন্য চিকিৎসা প্রদান করে, যেমন:

- মচকান ও টান লাগা
- ক্ষতের সংক্রমণ
- সামান্য পোড়া এবং ছঁাকা লাগা
- পোকামাকড় ও জীবজন্তুর কামড়ানো
- পাঁজরের আঘাত।



খোলা থাকার সময়: 8am-8pm বছরের 365 দিন

অধিক তথ্যের জন্য এখানে যান:
sheffieldurgentcare.co.uk